
দ্যা মেইলবক্স-এর উপকরণ ...



# আবিষ্কারক ক্লাব

---

নাম



আবিষ্কারক

# সূচীপত্র

## অধ্যায় সমূহঃ

১. ঈশ্বর কেমন? (প্রথম অংশ)

২. ঈশ্বর কেমন? (দ্বিতীয় অংশ)

৩. আমরা কোথায় থেকে এসেছি?

৪. আমাদের প্রধাণ শত্রন্ন কে?

৫. বিশ্বস্ত পরিত্রাতা কে?

৬. আজ যীশু জীবিত!

৭. চারটি প্রশ্ন

৮. আমিও ঈশ্বরের সন্তান হতে পারি!

৯. যীশু আবার আসবেন!

১০. চারটি জিনিস ঈশ্বর আমার কাছে জানতে চান

১১. খ্রীষ্টে নতুন মানুষ হওয়া

১২. ঈশ্বরের সর্বশ্রেষ্ঠ উপহার

অধ্যায় ১

# বলতো ঈশ্বর কেমন? (প্রথম অংশ)

প্রিয় বন্ধু,
ঈশ্বর কে ও তিনি কেমন একথা ভেবে কি তুমি কখনও অবাক হয়েছো ? ঈশ্বর এতো মহান ও অপূর্ব যে তাঁর সম্বন্ধে ১০০ ভাগ জানা আমাদের পড়ো সম্ভব নয়। কিন্তু ঈশ্বর আমাদের জন্য একটি অপূর্ব সুন্দর বাইবেল দিয়েছেন যে বই আমাদেরকে ঈশ্বর সম্বন্ধে বলে।

***বলতো এই বইটি কি ?*** বইটি হলো বাইবেল, ঈশ্বরের বাক্য বা কথা। বাইবেল আমাদের বলে যে, ঈশ্বর চাঁদ ও সূর্য্য সৃষ্টি করেছেন, তোমার মাথার উপরের তারাগুলোকেও সৃষ্টি করেছেন। ঈশ্বর এই পৃথিবী সৃষ্টি করেছেন। ঈশ্বর পাখি, মাছ এবং পশু সৃষ্টি করেছেন। তারপর ঈশ্বর পৃথিবীর প্রথম মানুষ (পুরুষ ও নারী) সৃষ্টি করেছেন।



***ঈশ্বর কেন আমাদের সৃষ্টি করেছেন ?*** ঈশ্বর আমাদের সৃষ্টি করেছেন যেন আমরা তাঁকে ভালোবাসি ও তাঁর ভালোবাসা পাওয়ার যোগ্য হই। ঈশ্বর আমাদের প্রত্যেককে জানেন ও ভালোবাসেন।

***ঈশ্বর খুব খুশি হন যখন আমরা তাঁকে জানতে চাই।*** ঈশ্বরকে জানা ও ভালোবাসার চেয়ে মহৎ আর কিছু নেই। এর মাধ্যমে আমরা জীবনে সুখী হই।

***আজকের এই পাঠে*** আমরা দেখব যে, ঈশ্বর সম্পর্কে বাইবেল কি বলে। আমাদের অপূর্ব করুণাময় ঈশ্বর যিনি তোমাকে ও আমাকে দারুন ভালোবাসেন তাঁর সম্বন্ধে আমরা পাচঁটি গুরুত্বপূর্ণ বিষয় শিখব।

## ঈশ্বর তিনি একজন ব্যক্তি

ঈশ্বর একজনই আছেন- সত্য ও জীবন্ত ঈশ্বর। তিনি বলেন, "আমিই সদাপ্রভু, আর কেহ নয়; আমি ব্যতীত অন্য ঈশ্বর নাই; . . . . .
(যিশাইয় ৪৫:৫ পদ) ।

ঈশ্বর "বল বা শক্তি" নয়। ঈশ্বর একজন জীবন্ত ব্যক্তি যিনি আমাদের সবাইকে জানেন ও ভালোবাসেন। আমরা যখন ঈশ্বরকে জানতে চাই তখন তিনি খুশি হন। সবচেয়ে বড় কথা হলো, ঈশ্বর চান যেন আমরা আমাদের সম্পূর্ণ হৃদয় দিয়ে তাঁকে ভালোবাসি।

## ঈশ্বর তিনি আত্মা

***যদিও ঈশ্বর একজন ব্যক্তি,*** তবুও আমাদের মতো তাঁর কোন বাহ্যিক শরীর নেই। ঈশ্বর হলেন আত্মা। আমরা আত্মা। আমরা আত্মাকে দেখতে পাই না। ঈশ্বর যখন তোমাকে তৈরী করেছেন, তিনি তোমাকে একটি দেহ বা শরীর দিয়েছেন। তিনি তোমাকে আত্মাও দিয়েছেন। তোমার আত্মা তোমার দেহে বসবাস করে। অন্য লোকেরা তোমার শরীর দেখতে পায়, কিন্তু তোমার আত্মাকে তারা দেখতে পায় না।

***ঈশ্বর সম্পূর্ণরূপে আত্মা।*** সেজন্য আমরা তাঁকে দেখতে পাই না। ঈশ্বর আমাদের বলেছেন আমরা যেন তাঁর কোন প্রতিকৃতি বা ছবি তৈরী না করি। তিনি বলেছেন আমরা যেন কোন প্রতিকৃতির পূজা না করি। বাইবেল বলে,"ঈশ্বর আত্মা; আর যাহারা তাঁহার ভজনা করে, তাহাদিগকে আত্মায় ও সত্যে ভজনা করিতে হইবে" ( যোহন৪:২ পদ)।

***যদিও আমরা তাঁকে দেখি না,*** তবুও তিনি সত্য ও জীবন্ত ঈশ্বর। তিনি চান যেন আমরা তাঁকে জানি । যখন আমরা তাঁকে জানি। যখন আমরা তাঁকে জানব, আমরা তাঁকে ভালোবাসবো এবং যখন আমরা তাঁকে ভালোবাসবো, আমরা তাঁর বাধ্য হয়ে চলবো।

## ঈশ্বর মহিমান্বিত

***ঈশ্বরের মহিমা এত উজ্জ্বল যে,*** আমরা তাঁর দিকে চোখ তুলে তাকাতে পারি না। যখন সূর্য্য খুব উজ্জ্বল ও প্রখর থাকে সূর্য্যের দিকে তাকাতে আমাদের কষ্ট হয়। আমাদের চোখে আঘাত লাগে। এভাবে যদি অনেক সময় ধরে আমরা সূর্য্যের দিকে পলকহীনভাবে তাকিয়ে থাকি তবে আমরা আমাদের চোখের দৃষ্টিশক্তির হারাতে পারি।

***ঈশ্বরের মহিমা সূর্য্যের চেয়ে অনেক অনেক গুন বেশী*** এ কারণে তাঁর দিকে চোখ তুলে তাকাতে আমরা পারি না। ঈশ্বর বলেন, "তুমি আমার মুখ দেখিতে পাইবে না, কেননা মনুষ্য আমাকে দেখিলে বাঁচিতে পারে না"- যাত্রাপুস্তক ৩৩:২০ পদ।

***বাইবেল আমাদের একজন লোকের বিষয় বলে তার নাম ছিল মোশি।*** মোশি ঈশ্বরের বিশেষ বন্ধু ছিলেন। তিনি ঈশ্বরের সঙ্গে কথা বলতেন এবং ঈশ্বরও বহুবার মোশির সঙ্গে কথা বলেছেন। কিন্তু মোশি কোনদিন ঈশ্বরকে চোখে দেখেননি।



একদিন মোশি ঈশ্বরের কাছে কিছু চাইলেন। তিনি বললেন- ঈশ্বর তুমি তোমার মহিমা আমাকে দেখাও (যাত্রাপুস্তক ৩৩:১৮ পদ)

***ঈশ্বর মোশিকে বললেন,*** তুমি আমার মুখ দেখতে পারবে না কারন কেউ আমরা মুখ দেখলে সে আর বেঁচে থাকতে পারবে না কিন্তু আমি তোমাকে পাথর দ্বারা আড়াল করে রাখব, তখন আমার প্রতাপ তোমার পাশ দিয়ে চলে যাবে।

***মোশি একাকী পর্বতে উঠলেন।*** ঈশ্বর পর্বতের পাথর দিয়ে মোশিকে আড়াল করলেন। তারপর ঈশ্বরের প্রতাপ মোশির পাশ দিয়ে চলে গেল। মোশি ঈশ্বরকে দেখেন নাই তবে সে একটু মাত্র ঈশ্বরের প্রতাপ দেখেছিল আর তাতেই মোশির মুখ সূর্য্যেও মত উজ্জ্বল হয়ে গিয়েছিল।

***যখন মোশি পর্বতের উপর থেকে নেমে এলেন*** তখন তার মুখ এত উজ্জ্বল ছিল যে, রোকেরা তা দেখে ভয় পেল এবং তারা বলে উঠলো- "হে সদাপ্রভু, দেবগণের মধ্যে কে তোমার তুল্য? কে তোমার ন্যায় পবিত্রতায় আদরনীয়, প্রশংসায় ভয়ার্হ, আশ্চর্য্য ক্রিয়াকারী ?"
(যাত্রাপুস্তক ১৫:১১ পদ)

# ঈশ্বর তিনি পবিত্র

***ঈশ্বর পবিত্র একথার অর্থ হলো শুদ্ধ ও সম্পূর্ন নিখুঁত যার মধ্যে বিন্দুমাত্র পাপ নেই।*** বাইবেলে আমরা দেখতে পাই অন্ধকার হলো পাপের প্রতিচ্ছবি। বাইবেল ঈশ্বর সম্বন্ধে বলে" ঈশ্বর জ্যোতি, এবং তাঁহার মধ্যে অন্ধকারের (পাপ) লেশমাত্র নাই" (১ম যোহন ১:৫ পদ)।

***সমস্ত কিছুর চেয়ে ঈশ্বরের আলো ও গৌরব মহান।*** ঈশ্বর নিখুঁত। তিনি কখনও পাপ করেন না। যা কিছু ভালোও সঠিক ঈশ্বর তাই করেন। ঈশ্বরের নিকটে কখনও পাপ আসতে পারে না। বাইবেল বলে, "কেননা আমাদের ঈশ্বর সদাপ্রভু পবিত্র" (গীতসংহিতা ৯৯:৯ পদ)।

***ঈশ্বর একবার এক ভাববাদীকে দর্শন দিলেন যার নাম ছিল যিশাইয়।*** দর্শন হলো অনেকটা স্বপ্নের মত। কিন্তু স্বপ্ন নয়। দর্শন ঈশ্বর থেকে দেয়াহয়।যিশাইয় দর্শনে ঈশ্বরকে তাঁর সিংহাসনে বসা দেখলেন। তিনি দেখলেন ঈশ্বরের সিংহাসনের চারদিকে অনেক স্বর্গদূত যারা ঈশ্বরের প্রশংসা করছে বলছে "পবিত্র, পবিত্র, পবিত্র, বাহিনীগণের সদাপ্রভু; সমস্ত পৃথিবী তাঁহার প্রতাপে পরিপূর্ণ" ( যিশাইয় ৬:৩ পদ)

***যিশাইয় যখন দর্মনে ঈশ্বরকে দেখলেন তখন তিনি ভয় পেয়েছিলেন।*** এই দর্শনে তিনি দেখলেন যে তিনি নিজে একজনপাপী এবং ঈশ্বর হলেন পরম পবিত্র।



# ঈশ্বর পবিত্র



## ঈশ্বর ভালোবাসা

এর অর্থ হলো ঈশ্বর আমাদের ভালোবাসেন এবং সব সময় আমাদের ভালো চান।

ঈশ্বর আমাদের ভালোবাসেন তা আমরা কিভাবে জানতে পারব?

দুভাবে আমরা তা জানতে পারি:

- ঈশ্বর তা আমাদের বলেছেন। ঈশ্বর তাঁর বাক্যে বলেছেন, "আমি তো চিরপ্রেমে তোমাকে প্রেময়া আসিতেছি" (যিরমিয় ৩১:৩ পদ)
- ঈশ্বর তার একমাত্র পুত্রকে আমাদের জন্য দিয়েছেন।

**ঈশ্বর তাঁর একমাত্র পুত্রকে দান করার মধ্য দিয়ে আমাদের প্রতি তাঁর মহান ভালোবাসা দেখিয়েছেন,** প্রভু যীশু আমাদের পাপের জন্য ক্রুশে মরিলেন- আমরা মন্দ কথা বলা ও মন্দ করার পরও তিনি তা করেছেন। বাইবেল বলে, "ঈশ্বর আমাদের প্রতি তাঁহার নিজের প্রেম প্রদর্শন করিতেছেণ; কারন আমরা যখন পাপী ছিলাম, তখনও খ্রীষ্ট আমাদের নিমিও প্রাণ দিলেন।" রোমীয় ৫:৮ পদ)

**তুমি হয়তো এখন মনে মনে ভাবছো,** "আমি যত মন্দ কথা বলেছি ও মন্দ কাজ করেছি এসব কি ঈশ্বর জানেন ?" হ্যাঁ ঈশ্বর সব জানেন, কিন্তু তবুও তিনি তাঁর সমস্ত হৃদয় দিয়ে তোমাকে ভালোবাসেন। প্রভু যীশু আমার পাপের জন্য মরলেন।

**তিনি তোমার পাপের জন্যও মরলেন।** কিন্তু তিনি মরে বসে থাকেননি। তিনদিন পর তিনি পুনরায় জীবিত হলেন। তিনি আমাদের জীবন্ত মুক্তিদাতা। ঈশ্বর চান যেন তুমি তাঁকে তোমার জীবনের মুক্তিদাতা হিসেবে গ্রহন কর যিনি তোমার পাপের জন্য মরলেন ও পুনরায় পুনরুত্থিত হলেন।

**তুমি কি জান ঈশ্বর তোমার কাছে কি চান ?** তিনি চান যেন তুমি ঈশ্বরকে ভালোবাস। তিনি চান যেন তুমি তোমার সমস্ত হৃদয় দিয়ে তাঁকে ভালোবাসেন।

**ঈশ্বর খুশি হন** যখন তুমি সিদ্ধান্ত নেও যে, তুমি তোমার সমস্ত মন দিয়ে তাঁকে ভালোবাসবে। রাজা দায়ূদ বাইবেলে একজন বিশেষ মানুষ ছিলেন যিনি ঈশ্বরকে জানতেন। তিনি বলেছিলেন, হে ঈশ্বর আমি তোমাকে ভালোবাসি। ঈশ্বর দায়ূদের প্রতি খুব খুশি ছিলেন। তাই রাজা দায়ূদের মত যদি তুমি ঈশ্বরকে ভালোবাস তবে তিনি তোমার প্রতিও খুশি হবেন। এখানে তোমার জন্য একটি প্রার্থনা দেওয়া হলো-

**"প্রিয় ঈশ্বর আমি আমার সমস্ত হৃদয় দিয়ে তোমাকে ভালোবাসতে চাই। তোমার বিষয় আরও জানতে আমাকে সাহায্য কর। আমাকে তুমি অনেক ভালোবেসেছো সে জন্য তোমাকে ধন্যবাদ। তোমার একমাত্র পুত্র যীশুকে আমার পাপের জন্য ক্রুশে প্রাণ দিতে পাঠিয়েছিলে সেজন্য ধন্যবাদ- আমেন"**




## "আমি কিভাবে ঈশ্বরের একজন সন্তান হতে পারি?"

ক- তোমার পাপ স্বিকার কর।

খ- যীশুকে বিশ্বাস কর যিনি তোমার পাপের জন্য মরেছেন।

গ- যীশুর কাছে এসো এবং তোমার মুক্তিদাতা হিসেবে তাঁকে গ্রহণ কর।

"প্রভু যীশু আমি আমার পাপের জন্য সত্যিই দুঃখিত। আমি বিশ্বাস করি তুমি ঈশ্বরের পুত্র এবং আমার পাপের জন্য ক্রুশে মরেছো। এখন এই মুহূর্তে আমি আমার হৃদয়ে তোমাকে ত্রাণকর্তা হিসেবে গ্রহণ করি।"

# আমার মুখস্ত পদ



"হে সদাপ্রভু! মম বল! আমি তোমাতে অনুরক্ত"

গীতসংহিতা ১৮:১ পদ


# গুপ্তধন আবিষ্কার

*গোপন কোডটি ব্যবহার করে নিচের গুপ্তধন আবিষ্কার করো*

## গোপন কোড



স র মা দি তো ম প্রা ঈ স্ত ণ শ্ব লো বা কে ভা য়ে





# প্রশ্ন উত্তর পৃষ্ঠা

## আবিষ্কারক অধ্যায় ১

**তুলনামূলক ভালো উত্তরটি বাছাই কর- বক্সে ক আথবা খ লিখ**

উদাহরণঃ স্বর্গ এমন জায়গা যেখানে

খ
ক - অল্প পাপ আছে
খ - কোন পাপ নেই

১. ঈশ্বর কেমন ?

ক - এই পৃথিবীর ভালোর জন্য ঈশ্বর একটি ” বল বা শক্তি”।
খ - ঈশ্বর জীবন্ত ব্যক্তি যিনি আমাদেরকে জানেন ও ভালোবাসেন।

২. আমরা ঈশ্বরকে দেখতে পাই না কারণ

ক - ঈশ্বর হলেন আত্মা তাই আত্মাকে দেখা যায় না।
খ - ঈশ্বর অনেক দূরে থাকেন তাই আমরা দেখতে পাই না।

৩. বাইবেল বলে ঈশ্বর পবিত্র, এর অর্থ হলো

ক - ঈশ্বর খুব ভালো।
খ - ঈশ্বর হলেন শুদ্ধ ও সম্পূর্ণ নিখুঁত যার মধ্যে বিন্দু মাত্র পাপ নেই।

৪. আমি জানি যে ঈশ্বর আমাকে ভালোবাসেন কারণ

ক - তিনি তাঁর পুত্রকে আমাদের জন্য দান করেছেন।
খ - আমরা মনে করি তিনি আমাদের ভালোবাসেন।

৫. ঈশ্বর আসলে আমাদের কাছে যা চান তা হলো

ক - আমাদের ভালোবাসা
খ - আমরা যেন ভালো ভালো কাজ করি।

তোমার মুখস্ত পদটি এখানে লিখ



যে গুপ্তধন তুমি আবিষ্কার করেছ তা লিখ:

তোমার সম্পূর্ণ নাম    জন্ম তারিখ    বয়স    শ্রেনী

ডাক কোড

# যীশুর সাথে আমার যাত্রা

১ এই অধ্যায় থেকে তুমি সবচেয়ে গুরত্বপূর্ণ যে বিষয় শিখেছো?

২ এই অধ্যায়-এ এমন কোন কিছু তুমি পেয়েছো যা তুমি বুঝো নি?

৩ তোমার কি কোন প্রয়োজন বা প্রার্থনার বিষয় আছে?

৪ আমরা আপনাকে একটি জার্নাল শুরু করতে উত্সাহিত করি। ঈশ্বরের কাছে আপনার প্রার্থনা, প্রশংসা এবং ধন্যবাদ লিখুন!

the Mailbox Club